

ফতওয়া নং ৩৫৭

প্রশ্ন:

জনাব,যে মানুষ অপরের জায়গা বন্ধক রেখে চাষ করেছে,, আর সেই চাষের ধান যদি মসজিদে দান করে,এমন ধান বিক্রি করে মসজিদের কাজে লাগানো যাবে কি??অনুগ্রহ করে হাদিসের আলোকে জানাবেন।

উত্তর:

বন্ধকি জমি থেকে বন্ধকগ্রহীতার জন্য কোনো প্রকার উপকৃত হওয়া নাজায়েয, যদিও বন্ধকদাতা এর অনুমতি দিয়ে দেয়। কারণ বন্ধকি জমি থেকে বন্ধকগ্রহীতার কোনো প্রকার ফায়দা উপভোগ করা সুদের অন্তর্ভুক্ত, যা হারাম। তাই প্রশ্নে বর্ণিত ব্যক্তির জন্য ওই জমির উৎপন্ন ফসল হালাল না হওয়ায় তা মসজিদে দান করা ও মসজিদে লাগানো জাইয হবে না। (শামী ৫/১৬৬,আযীযুল ফাতাওয়া ৬৩২)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ,জামিয়া নুমানিয়া।
১৫ শে শাওয়াল, ১৪৪৫ হিজরী (25/04/2024)